২১ সেপ্টেম্বর, ২০২৬

# স্কুলে বোরকা-নিকাব নিষিদ্ধ করতে যাচ্ছে ইতালি



ছবি: সংগৃহীত

ইতালির স্কুলগুলোতে বোরকা ও নিকাব নিষিদ্ধ করার পরিকল্পনা করছে দেশটির সরকার। পাশাপাশি শ্রেণিকক্ষে বিদেশি শিক্ষার্থীর সংখ্যা নির্দিষ্ট সীমার মধ্যে রাখার উদ্যোগও নেওয়া হচ্ছে। প্রধানমন্ত্রী জর্জিয়া মেলোনি এসব পরিকল্পনার কথা জানিয়েছেন।

শুধু পোশাক নয়, ইতালির শিক্ষা ব্যবস্থায় বিদেশি শিক্ষার্থীদের মানিয়ে নেওয়ার বিষয়েও নতুন পদক্ষেপ নেওয়া হচ্ছে। যেসব শিক্ষার্থীর পরিবার সন্তানদের ইতালীয় শিক্ষাব্যবস্থার সঙ্গে মানিয়ে নিতে গুরুতর সমস্যায় পড়ছে, তাদের জন্য ইতালীয় ভাষা শেখা বাধ্যতামূলক করার পরিকল্পনা রয়েছে।

আগামী বছর ইতালিতে সাধারণ নির্বাচন হওয়ার কথা। এর আগে দেশটিতে অভিবাসন ইস্যু গুরুত্বপূর্ণ হয়ে উঠতে পারে বলে ধারণা করা হচ্ছে। এমন প্রেক্ষাপটে মেলোনির সরকার এসব পদক্ষেপ নেওয়ার উদ্যোগ নিয়েছে।

এর আগে গত জুলাইয়ে ইতালির স্কুলে বোরকা ব্যবহারে আরও কঠোর বিধিনিষেধ আরোপের দাবি জানিয়েছিল দেশটির আরেক ডানপন্থি রাজনৈতিক দল ন্যাশনাল ফিউচার পার্টি।

LENS ASIA